গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা।
www.publiclibrary.gov.bd

**০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি : খলিল আহমদ
সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ১৪ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ।
সভার সময় : বিকাল ০৩:০০ টা।
সভার স্থান : সভাকক্ষ, গণগ্রন্থাগার অধিদপ্তর।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদ্‌যাপনের লক্ষ্যে এ সংক্রান্ত জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভা ১৪ জানুয়ারি ২০২৪ তারিখে গণগ্রন্থাগার অধিদপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| ০১. | প্রতিপাদ্য বিষয়/ স্লোগান এবং লোগো নির্ধারণ | (ক) সভায় সদস্য-সচিব গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক প্রতিপাদ্য বিষয়ে উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, দেশের সকল পর্যায়ের সরকারি গণগ্রন্থাগারসমূহসহ সর্বসাধারণের নিকট ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' এর স্লোগান/প্রতিপাদ্য আহ্বান করা হয়েছে। প্রস্তাবিত স্লোগান/প্রতিপাদ্যসমূহ সভায় তুলে ধরা হয় এবং সকলের মতামত নেয়া হয়। প্রেক্ষিতে একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হয়। | (ক) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' এর স্লোগান/প্রতিপাদ্য নির্ধারণের জন্য সংক্ষিপ্ত তালিকা গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। অনুমোদিত স্লোগান/প্রতিপাদ্য জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪ উদ্‌যাপনে সকল পর্যায়ে ব্যবহার করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>ও<br>গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ০২. | উদ্বোধন, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | (ক) দিবসটি উদ্‌যাপন উপলক্ষে প্রতি বছরের ন্যায় একটি উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে এবং উদ্বোধনী অনুষ্ঠান শেষে গ্রন্থাগারের গুরুত্ব ও দিবসের তাৎপর্য বিষয়ে আলোচনা অনুষ্ঠানসহ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা হয়। উদ্বোধন ও আলোচনা সভায় অনধিক ৩০০ জন অতিথিকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। এ সকল অনুষ্ঠানে পার্শ্ববর্তী ৫টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন করে শিক্ষক প্রতিনিধিসহ ১০০জন শিক্ষার্থীর উপস্থিতি | (ক) ০৫.০২.২০২৪ তারিখে জাতীয় জাদুঘর চত্বরে বেলুন ও ফেস্টুন উড়িয়ে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হবে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে গ্রন্থাগার দিবসের প্রতিপাদ্য বিষয়কে কেন্দ্র করে আলোচনা সভা এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ সকল অনুষ্ঠানে পার্শ্ববর্তী ৫টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন করে শিক্ষক প্রতিনিধিসহ ১০০জন শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে; | গণগ্রন্থাগার অধিদপ্তর<br>ও<br>সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | নিশ্চিত করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়;<br><br>(খ) বাংলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, কবি নজরুল ইনস্টিটিউট, জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক 'জাতীয় গ্রন্থাগার দিবস' কে কেন্দ্র করে আগামী ০৫.০২.২০২৪ তারিখ অথবা নিকটবর্তী সময়ে আলোচনা সভা/অনুষ্ঠান/সেমিনার আয়োজন করার বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় মত প্রকাশ করেন; | (খ) বাংলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, কবি নজরুল ইনস্টিটিউট 'জাতীয় গ্রন্থাগার দিবস' কে কেন্দ্র করে আগামী ০৫.০২.২০২৪ তারিখ অথবা নিকটবর্তী সময়ে আলোচনা সভা/অনুষ্ঠান/সেমিনার আয়োজন করবে; | বাংলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, কবি নজরুল ইনস্টিটিউট |
| | | (গ) বিভাগীয় ও জেলা পর্যায়ের স্থানীয় কমিটি কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী অনুষ্ঠানের আয়োজন করবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (গ) বিভাগীয় ও জেলা পর্যায়ের স্থানীয় কমিটি কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী বিভন্ন অনুষ্ঠান আয়োজন করবে। | বিভাগীয়/জেলা পর্যায়ের স্থানীয় কমিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান |
| ০৩. | প্রতিযোগিতা/ অনুষ্ঠান আয়োজন | (ক) একাদশ জাতীয় সংসদের 'সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ২৯তম বৈঠকে 'জাতীয় গ্রন্থাগার দিবস' উপলক্ষে সারাদেশে পাঁচ দিনব্যাপী পাঁচ ধরনের বিষয় নিয়ে অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা প্রদান করেন। এ প্রেক্ষিতে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা যেতে পারে:<br>• বইপাঠ প্রতিযোগিতা (১ ফেব্রুয়ারি ২০২৪);<br>• চিত্রাঙ্কন প্রতিযোগিতা (২ ফেব্রুয়ারি ২০২৪);<br>• রচনা প্রতিযোগিতা (৩ ফেব্রুয়ারি ২০২৪);<br>• উপস্থিত বক্তৃতা (৪ ফেব্রুয়ারি ২০২৪);<br>• উদ্বোধন, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান (৫ ফেব্রুয়ারি ২০২৪)। | (ক) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদ্যাপনে নিম্নোক্ত প্রতিযোগিতা/অনুষ্ঠান আয়োজন করা হবে:<br>• বইপাঠ প্রতিযোগিতা (১ ফেব্রুয়ারি ২০২৪);<br>• চিত্রাঙ্কন প্রতিযোগিতা (২ ফেব্রুয়ারি ২০২৪);<br>• রচনা প্রতিযোগিতা (৩ ফেব্রুয়ারি ২০২৪);<br>• উপস্থিত বক্তৃতা (৪ ফেব্রুয়ারি ২০২৪);<br>• উদ্বোধন, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান (৫ ফেব্রুয়ারি ২০২৪)। | সংশ্লিষ্ট কমিটি |
| ০৪. | স্মরণিকা (বিচ্ছুরণ) প্রকাশ | 'জাতীয় গ্রন্থাগার দিবস' উপলক্ষে প্রতি বছর স্মরণিকা প্রকাশ করা হয়ে থাকে। প্রতি বছরের ন্যায় এ বছরেও একটি স্মরণিকা (বিচ্ছুরণ) প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়। স্মরণিকায় মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক | 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উপলক্ষে প্রতি বছরের ন্যায় এ বছরেও বরেণ্য ব্যক্তিবর্গের লেখার সমন্বয়ে একটি স্মরণিকা (বিচ্ছুরণ) প্রকাশ করা হবে। স্মরণিকায় মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় ও গণগ্রন্থাগার | গণগ্রন্থাগার অধিদপ্তর |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয়ের সচিব মহোদয় ও গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বাণী অন্তর্ভুক্ত করা যেতে পারে। | অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বাণী অন্তর্ভুক্ত করতে হবে। | |
| ০৫. | প্রেস কনফারেন্সসহ টিভি চ্যানেল-সমূহে বিশেষ টকশো এবং প্রচার প্রচারণা | (ক) ২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ অথবা সুবিধাজনক সময়ে প্রেস কনফারেন্স এর আয়োজন করার বিষয়ে আলোচনা হয়; | (ক) ২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ অথবা সুবিধাজনক সময়ে একটি প্রেস কনফারেন্স এর আয়োজন করা হবে; | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (খ) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উপলক্ষে বহুল প্রচারিত একটি টিভি চ্যানেলে টক-শোর আয়োজন এবং দিবসটি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানসমূহ বিভিন্ন চ্যানেলে সম্প্রচারের বিষয়ে সভায় বিস্তারিত আরোচনা হয়; | (খ) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উপলক্ষে বহুল প্রচারিত একটি টিভি চ্যানেলে টক-শোর আয়োজন করা হবে। দিবসটি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানসমূহ বিভিন্ন চ্যানেলে সম্প্রচারের ব্যবস্থা নেয়া হবে; | ঐ |
| | | (গ) শহরের বিভিন্ন প্রবেশমুখ, গুরুত্বপূর্ণ স্থান, রাস্তার মোড়, ওভারব্রিজসহ সহজে জনগণের দৃষ্টি আকর্ষিত হয় এমন স্থানসমূহে অস্থায়ীভাবে বিলবোর্ড স্থাপন করে প্রচারণা জোরদার করা যেতে পারে মর্মে আলোচনা হয়; | (গ) দিবসটি উপলক্ষে শহরের বিভিন্ন প্রবেশমুখ, গুরুত্বপূর্ণ স্থান, রাস্তার মোড়, ওভারব্রিজসহ সহজে জনগণের দৃষ্টি আকর্ষিত হয় এমন ১৬টি স্থানে অস্থায়ীভাবে বিলবোর্ড স্থাপন করে প্রচারণা জোরদার করা হবে; | ঐ |
| | | (ঘ) টেলিভিশনের স্ক্রল এবং মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে প্রচার করার বিষয়ে আলোচনা হয়; | (ঘ) টেলিভিশনের স্ক্রল এবং মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে প্রচার করা হবে; | ঐ |
| | | (ঙ) জেলাসমূহে তথ্য অফিসারগণকে সংযুক্ত করে ভিডিও প্রচারসহ স্কুল-কলেজ, মাদ্রাসা, বড় বড় হাট বাজার, গুরুত্বপূর্ণ স্থানসমূহে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে ব্যাপক প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়; | (ঙ) জেলাসমূহে জেলা তথ্য অফিসারগণকে সংযুক্ত করে ভিডিও প্রচারসহ স্কুল-কলেজ, মাদ্রাসা, বড় বড় হাট বাজার এবং গুরুত্বপূর্ণ স্থানসমূহে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হবে; | বিভাগীয়/জেলা পর্যায়ের স্থানীয় কমিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান |
| | | (চ) দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্পের গাড়িগুলো শহরের বিভিন্ন স্থানে প্রদক্ষিণ করে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে জনসাধারণকে অবহিত করতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | (চ) দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্পের গাড়িগুলো বর্ণিল সাজে সজ্জিত হয়ে শহরের বিভিন্ন স্থানে প্রদক্ষিণ করে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে জনসাধারণকে অবহিত করবে। | দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্প |
| ০৬. | জেলা কমিটি | ইতোপূর্বে গঠিত জেলা পর্যায়ের কমিটি সম্পর্কে সভার সদস্যগণের মতামত চাওয়া | ইতোপূর্বে গঠিত জেলা পর্যায়ের কমিটি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' এর জন্য বহাল | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

২৫১

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | হয়। পূর্বের কমিটিই 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' এর জন্য বহাল রাখার বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন। | থাকবে।<br>(কমিটি তালিকা পরিশিষ্ট 'খ' তে সংযুক্ত করা হলো) | ও<br>গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ০৭. | বিবিধ | (ক) শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদ্‌যাপন নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়; | (ক) শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদ্‌যাপন নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে; | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>ও<br>গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (খ) সকল মন্ত্রণালয়ের গ্রন্থাগারসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' যথাযোগ্য মর্যাদার সাথে পালনের অনুরোধ জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়; | (খ) সকল মন্ত্রণালয়ের গ্রন্থাগারসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' যথাযোগ্য মর্যাদার সাথে পালনের অনুরোধ জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে পত্র প্রেরণ করা হবে; | ঐ |
| | | (গ) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহ যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' গুরুত্বসহকারে পালন করে সেজন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সদস্যগণ প্রস্তাব রাখেন; | (গ) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহ যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' গুরুত্বসহকারে পালন করে সেজন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে; | ঐ |
| | | (ঘ) বাংলাদেশ ব্যাংকের গ্রন্থাগারসহ এর অধীন বিভিন্ন ব্যাংকের গ্রন্থাগারসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' পালনের অনুরোধ জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আধা-সরকারি পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়; | (ঘ) বাংলাদেশ ব্যাংকের গ্রন্থাগারসহ এর অধীন বিভিন্ন ব্যাংকের গ্রন্থাগারসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' পালনের অনুরোধ জানিয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ ব্যাংকে আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে; | ঐ |
| | | (ঙ) ব্র্যাক কর্তৃক বইপাঠ, চিত্রাঙ্কন প্রতিযোগিতাসহ সকল গণকেন্দ্রে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' পালনের বিষয়ে সভায় আলোচনা হয়; | (ঙ) ব্র্যাক বইপাঠ, চিত্রাঙ্কন প্রতিযোগিতাসহ তাঁদের সকল গণকেন্দ্রে 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' পালন করবে; | ব্র্যাক |
| | | (চ) বিভাগীয় ও জেলা কারাগারের আওতাধীন গ্রন্থাগারসমূহ যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' এর কর্মসূচি পালন করে সেজন্য কারা অধিদপ্তরে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়; | (চ) বিভাগীয় ও জেলা কারাগারের আওতাধীন গ্রন্থাগারগুলো যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' এর কর্মসূচি পালন করে সেজন্য কারা অধিদপ্তরকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হবে; | গণগ্রন্থাগার অধিদপ্তর |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | (ছ) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদ্‌যাপনের অনুরোধ জানিয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক বেসরকারি গণগ্রন্থাগারসমূহে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়; | (ছ) 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' উদ্‌যাপনের অনুরোধ জানিয়ে জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক বেসরকারি গণগ্রন্থাগারসমূহে পত্র প্রেরণ করা হবে; | জাতীয় গ্রন্থকেন্দ্র |
| | | (জ) ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' গুরুত্বসহকারে পালনের অনুরোধ জানিয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি এবং ইসলামিক ফাউন্ডেশন বরাবর পত্র দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়; | (জ) ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' গুরুত্বসহকারে পালনের অনুরোধ জানিয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি এবং ইসলামিক ফাউন্ডেশন বরাবর পত্র দেয়া হবে; | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (ঝ) বিভিন্ন এনজিও-তে দিবসটি পালনের ব্যবস্থা নেয়ার অনুরোধ জানিয়ে এনজিও বিষয়ক ব্যুরো বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়; | (ঝ) বিভিন্ন এনজিও-তে দিবসটি পালনের ব্যবস্থা নেয়ার অনুরোধ জানিয়ে এনজিও বিষয়ক ব্যুরো বরাবর পত্র প্রেরণ করা হবে; | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (ঞ) ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' যথাযোগ্য মর্যাদার সাথে দেশব্যাপী উদ্‌যাপনে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান, সিটি কর্পোরেশনের মেয়র এবং জেলা প্রশাসক বরাবর ডিও লেটার প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | (ঞ) ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪' যথাযোগ্য মর্যাদার সাথে দেশব্যাপী উদ্‌যাপনে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান, সিটি কর্পোরেশনের মেয়র এবং জেলা প্রশাসক বরাবর ডিও লেটার প্রেরণ করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১/২৪

(খলিল আহমদ)
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ও
আহ্বায়ক
'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন
সংক্রান্ত জাতীয় কমিটি।

স্মারক: ৪৩.২৬.০০০০.০০১.২৩.৯০৩.২৪-৯০৯(৩৪)

তারিখ: ২৪.০১.২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
০২. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা।
০৩. মহাপরিচালক, শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
০৪. মহাপরিচালক, জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
০৫. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৭. মহাপরিচালক, বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
০৮. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
০৯. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
১০ বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
১১. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
১২. যুগ্মসচিব (অনুষ্ঠান অধিশাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. যুগ্মসচিব (লাইব্রেরি অধিশাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. পরিচালক, প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
১৫. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১৬. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. প্রকল্প পরিচালক, দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্প, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
১৮. চেয়ারম্যান, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৯. লাইব্রেরিয়ান, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, ঢাকা।
২০. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২১. পরিচালক, শিক্ষা ও সংস্কৃতি, ব্র্যাক, ঢাকা।
২২. পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল)।
২৩. সভাপতি, লাইব্রেরি এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।
২৪. ডিভিশনাল কন্ট্রোলার একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ডিভিশনাল কন্ট্রোলার একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় (সকল)।
২৫. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
২৬. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল)।
২৭. সিনিয়র লাইব্রেরিয়ান/লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, (সকল)।
২৮. ..........................................................................................................................................।
২৯. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় (সকল)।
৩০. সভাপতি, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব লাইব্রেরিয়ানস, ইনফরমেশন সায়েন্টিস্ট এন্ড ডকুমেন্টালিস্টস, ঢাকা।
৩১. লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৩২. সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৩৩. গ্রন্থাগারিক/সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা পর্যায়ের সরকারি গণগ্রন্থাগার (সকল)।
৩৪. অফিস কপি।

২৪/০১/২৪

(মোঃ আবুবকর সিদ্দিক)
মহাপরিচালক
ও
সদস্য সচিব
'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন
সংক্রান্ত জাতীয় কমিটি
ফোন: ০২-২২২২৯৪৫৮
e-mail: dg.dpl.2012@gmail.com

পরিশিষ্ট -(খ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৩.২৩.০৪২.১৮. ৫৭

তারিখ: ১৬ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

প্রতিবছর ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' হিসেবে উদ্‌যাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট সংসদ সদস্য/সিটি কর্পোরেশনের মেয়রদের উপদেষ্টা হিসেবে রেখে নিম্নোক্তভাবে জেলা কমিটি (তিন পার্বত্য জেলা ব্যতীত) নির্দেশক্রমে গঠন করা হলো (জ্যেষ্ঠতাক্রমে নয়):

| | | | |
|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক | : | আহ্বায়ক |
| ০২. | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | : | সদস্য |
| ০৩. | পুলিশ সুপার | : | সদস্য |
| ০৪. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি) | : | সদস্য |
| ০৫. | প্রতিনিধি, জেলা সদরে অবস্থিত সরকারি কলেজ | : | সদস্য |
| ০৬. | প্রতিনিধি, সিটি কর্পোরেশন/সদর পৌরসভা | : | সদস্য |
| ০৭. | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ | : | সদস্য |
| ০৮. | জেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ০৯. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১০. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১১. | জেলা তথ্য অফিসার | : | সদস্য |
| ১২. | জেলা কালচারাল অফিসার | : | সদস্য |
| ১৩. | প্রধান শিক্ষক, জেলা স্কুল/জেলা সরকারি উচ্চ বিদ্যালয় | : | সদস্য |
| ১৪. | সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি | : | সদস্য |
| ১৫. | জেলা প্রতিনিধি, ব্যাংক | : | সদস্য |
| ১৬. | প্রতিনিধি (জেলা বেসরকারি গ্রন্থাগার সমিতি) | : | সদস্য |
| ১৭. | সাধারণ সম্পাদক, জেলা সদরে অবস্থিত ঐতিহ্যবাহী গ্রন্থাগার | : | সদস্য |
| ১৮. | উপপরিচালক/ লাইব্রেরিয়ান, বিভাগীয়/জেলা সরকারি গণগ্রন্থাগার | : | সদস্য সচিব |

উল্লেখ্য, কমিটি প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করতে পারবে।

কমিটির কার্যপরিধি: ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় কমিটি'র সিদ্ধান্ত অনুযায়ী জেলা পর্যায়ে 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩০/১/২০২২

(ড. ললিতা রানী বর্মন)
উপসচিব
ফোন: ৯৫৪৫৯৩৫

অপর পাতায় দ্রষ্টব্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৩.২৩.০২৪.১৮. ৬৮

তারিখ: ১৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

প্রতিবছর ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' হিসেবে উদ্‌যাপনের লক্ষ্যে তিন পার্বত্য জেলা (বান্দরবান, রাঙামাটি, খাগড়াছড়ি) এর জন্য নিম্নোক্তভাবে নির্দেশক্রমে একটি কমিটি গঠন করা হলো (জ্যেষ্ঠতাক্রমে নয়):

| | | | |
|---|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ | : | আহ্বায়ক |
| ০২. | প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ | : | সদস্য |
| ০৩. | পুলিশ সুপার | : | সদস্য |
| ০৪. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি) | : | সদস্য |
| ০৫. | প্রতিনিধি, জেলা সদরে অবস্থিত সরকারি কলেজ | : | সদস্য |
| ০৬. | প্রতিনিধি, সদর পৌরসভা | : | সদস্য |
| ০৭. | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ | : | সদস্য |
| ০৮. | জেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ০৯. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১০. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১১. | জেলা তথ্য অফিসার | : | সদস্য |
| ১২. | জেলা কালচারাল অফিসার | : | সদস্য |
| ১৩. | সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি | : | সদস্য |
| ১৪. | জেলা প্রতিনিধি, ব্র্যাক | : | সদস্য |
| ১৫. | প্রতিনিধি (জেলা বেসরকারি গ্রন্থাগার সমিতি) | : | সদস্য |
| ১৬. | সাধারণ সম্পাদক, জেলা সদরে অবস্থিত ঐতিহ্যবাহী গ্রন্থাগার | : | সদস্য |
| ১৭. | প্রধান শিক্ষক, জেলা স্কুল/জেলা সরকারি উচ্চ বিদ্যালয় | : | সদস্য |
| ১৮. | সিনিয়র লাইব্রেরিয়ান/লাইব্রেরিয়ান, পার্বত্য তিন জেলা সরকারি গণগ্রন্থাগার | : | সচিব |

উল্লেখ্য, কমিটি প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করতে পারবে।

কমিটির কার্যপরিধি : ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় কমিটি'র সিদ্ধান্ত অনুযায়ী পার্বত্য জেলাসমূহে 'জাতীয় গ্রন্থাগার দিবস' উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩১/১/২০২২
ড. ললিতা রানী বর্মন
উপসচিব (লাইব্রেরি)
ফোন: ৯৫৪৫৯৩৫

অপর পাতায় দ্রষ্টব্য

F:\Pablic Library\৫ ফেব্রুয়ারি (গ্রন্থদিবস)\Letter.docx